296

ভোরের কাগজ

তারিখ OCT. 04 1999
পৃষ্ঠা 16 কলাম 3

# বেসরকারি শিক্ষক নিয়োগে অভিন্ন কমিশন গঠনের দাবি

অভিন্ন নীতিমালার ভিত্তিতে বেসরকারি কলেজ শিক্ষক নিয়োগদানের লক্ষ্যে অবিলম্বে স্বতন্ত্র শিক্ষা সার্ভিস কমিশন গঠনের দাবি জানিয়েছে বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ। গত শনিবার পরিষদের জাতীয় নির্বাহী কমিটির এক সভায় এ দাবি জানানো হয়।

মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজে অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যাপক এম শরীফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় কলেজ শিক্ষা জাতীয়করণের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে বেসরকারি কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার সরকারি অংশ শতভাগ প্রদানের দাবিও জানানো হয়। সভায় সরকারি কলেজের অনুরূপ যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে পদোন্নতির নিয়ম প্রবর্তনেরও জোর দাবি জানানো হয়। সভায় শিক্ষাবোর্ড ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত কাজসহ অন্যান্য যাবতীয় দায়িত্বপূর্ণ কাজে বেসরকারি কলেজ শিক্ষকদের নিয়োগদানের দাবি করা হয়।

সভায় অন্যান্যদের মধ্যে আলোচনায় অংশ নেন অধ্যক্ষ মোঃ মাজহারুল হান্নান (শহীদ সোহরাওয়ার্দী কলেজ, খুলনা), অধ্যক্ষ মোঃ শাহজাহান (ইস্পাহানী কলেজ, ঢাকা), অধ্যক্ষ মোঃ লতিফুর রহমান (ইম্পিরিয়াল কলেজ, ঢাকা), অধ্যক্ষ রহিমা খন্দকার (ইসলামপুর জে জে কে এম কলেজ, শেরপুর), অধ্যক্ষ আব্দুর রশীদ (প্রেমতলী কলেজ, রাজশাহী), অধ্যক্ষ সাহিদুন নাহার (মোহাম্মদপুর মহিলা কলেজ, ঢাকা), অধ্যক্ষ আফতাবউদ্দীন আহমেদ (শহীদ জিয়া কলেজ, পিরোজপুর), অধ্যক্ষ সুভাষ চন্দ্র সরকার (সাতক্ষীরা সিটি কলেজ), অধ্যক্ষ হামিদা সালেহ (মাদার বকস গার্হস্থ্য অর্থনীতি কলেজ, রাজশাহী), অধ্যক্ষ মোঃ রেজাউল কবির (ইসলামিয়া ডিগ্রি কলেজ, চট্টগ্রাম), অধ্যক্ষ মোঃ আনসার আলী সরদার (ইকবাল মেমোরিয়াল কলেজ দাগনভূঁইয়া, ফেনী) প্রমুখ। বিজ্ঞপ্তি।